রাজশাহী বিশ্ববিদ্যালয়
প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা ২০২৫-২০২৬
ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

সূত্র: ৪৩/২৬/কঅ/৩২০ তারিখ: ২৪/০১/২০২৬

# ভর্তি পরীক্ষার প্রাথমিক ফলাফল প্রকাশ

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)-এর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার ফলাফল প্রাথমিকভাবে ওয়েবসাইটে প্রকাশ করা হলো। ভর্তির জন্য বিভাগভিত্তিক চূড়ান্ত মেধা তালিকা পরবর্তীতে প্রকাশ করা হবে।

প্রাথমিক ফলাফলে ন্যূনতম ৪০ নম্বরপ্রাপ্ত ভর্তি পরীক্ষার্থীদের মধ্যে যারা চারুকলা অনুষদভুক্ত তিনটি বিভাগে (১. চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র বিভাগ, ২. মৃৎশিল্প ও ভাস্কর্য বিভাগ এবং ৩. গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগ) ভর্তি হওয়ার জন্য ইতোপূর্বে OMR শীটে বৃত্ত পূরণ করেছে তাদেরকে ব্যাবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। চারুকলা অনুষদের ব্যাবহারিক (ড্রয়িং) পরীক্ষা ০৭ ফেব্রুয়ারি ২০২৬ বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

প্রাথমিক ফলাফলে ন্যূনতম ৪০ নম্বরপ্রাপ্ত ভর্তি পরীক্ষার্থীদের মধ্যে যারা সংগীত বিভাগ ও নাট্যকলা বিভাগে ভর্তি হওয়ার জন্য ইতোপূর্বে OMR শীটে বৃত্ত পূরণ করেছে তাদেরকে ব্যাবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। সংগীত বিভাগ ও নাট্যকলা বিভাগের ব্যাবহারিক পরীক্ষা ০১/০২/২০২৬, ০২/০২/২০২৬ এবং ০৩/০২/২০২৬ তারিখে অনুষ্ঠিত হবে। এ দুই বিভাগের ব্যাবহারিক পরীক্ষার বিস্তারিত সময়সূচি ২৭ জানুয়ারী ২০২৬ তারিখে জানানো হবে।

প্রাথমিক ফলাফলে ন্যূনতম ৪০ নম্বরপ্রাপ্ত ভর্তি পরীক্ষার্থীদের মধ্যে যারা ইংরেজি বিভাগে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য MCQ পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য থেকে ইংরেজি অংশে প্রাপ্ত সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে ২টি গ্রুপ থেকে মোট ১৬১৩ জনের তালিকা প্রকাশ করা হলো। ইংরেজি বিভাগের লিখিত পরীক্ষা আগামী ০৭ ফেব্রুয়ারি ২০২৬ সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ইংরেজি বিভাগে ভর্তির ক্ষেত্রে শুধু লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা প্রস্তুত করা হবে।

অপরদিকে প্রাথমিক ফলাফলে ন্যূনতম ৪০ নম্বরপ্রাপ্ত ভর্তি পরীক্ষার্থীদের মধ্যে যারা আইন বিভাগ এবং আইন ও ভূমি প্রশাসন বিভাগে ভর্তি হতে ইচ্ছুক তাদের মধ্য থেকে MCQ পরীক্ষায় বাংলা ও ইংরেজি উভয় অংশে ৪৫% নম্বর প্রাপ্তদের ২টি গ্রুপ থেকে সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে সমান সংখ্যক মোট ১৫০০ জনের তালিকা প্রকাশ করা হলো। আইন বিভাগ এবং আইন ও ভূমি প্রশাসন বিভাগের লিখিত পরীক্ষা আগামী ০৭ ফেব্রুয়ারি ২০২৬ সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। আইন বিভাগ এবং আইন ও ভূমি প্রশাসন বিভাগে ভর্তির ক্ষেত্রে MCQ ও লিখিত পরীক্ষায় প্রাপ্ত যৌথ নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা ও অপেক্ষামান তালিকা প্রস্তুত করা হবে।

**ইংরেজি বিভাগ, আইন বিভাগ এবং আইন ও ভূমি প্রশাসন বিভাগের লিখিত পরীক্ষা অভিন্ন প্রশ্নপত্রে একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে।**

প্রাথমিক ফলাফলে ন্যূনতম ৪০ নম্বরপ্রাপ্ত পরীক্ষার্থীদের মধ্যে যারা বিভিন্ন কোটায় ভর্তি হতে ইচ্ছুক তারা আইন বিভাগ এবং আইন ও ভূমি প্রশাসন বিভাগের ক্ষেত্রে বাংলা ও ইংরেজি উভয় অংশে ৪৫% নম্বর পেয়ে মোট ১৫০০ জনের মধ্যে অবস্থান না করলেও লিখিত পরীক্ষা দেয়ার সুযোগ পাবে। তাদের লিখিত পরীক্ষা ইংরেজি বিভাগ, আইন বিভাগ এবং আইন ও ভূমি প্রশাসন বিভাগের পরীক্ষার সাথে ০৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখেই (সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত) অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত উপর্যুক্ত প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর ভর্তিচ্ছুদের বিষয় পছন্দক্রম নিয়ে বিভাগভিত্তিক চূড়ান্ত মেধা তালিকা পরবর্তীতে প্রকাশ করা হবে। উল্লেখ্য যে, পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেন্টারের মাধ্যমে প্রকাশ করা হবে।

**প্রকাশিত ফলাফলে কোনো ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

ধন্যবাদান্তে

২৪.১.২০২৬

**(প্রফেসর ড. মোহাম্মদ বেলাল হোসেন)**
ডীন, কলা অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
ও
চীফ কো-অর্ডিনেটর
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা: ২০২৫-২০২৬
ইউনিট-A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও
চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)